



চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং- ৫৬/২০২৬

তারিখ: ০৭/১০/২০২৬ খ্রি.

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক আহ্বানকৃত সি এন্ড এফ এজেন্ট নিয়োগের e-GP Tender-এ অংশগ্রহণ হতে বিরত থাকা প্রসঙ্গে

সকল সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে, দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক ১৭/০৯/২০২৬ খ্রি. তারিখ আহ্বানকৃত সি এন্ড এফ এজেন্ট নিয়োগের e-GP Tender (Ref. 51.01.0000.00.015.11.0014.26.461)-এ Relief Goods পরিবহনে অভিজ্ঞতা, অতিরিক্ত Security Money, পণ্য পরিবহন, লোডিং ও আনলোডিং-এর দর একত্রে দাখিল করা ইত্যাদি অযৌক্তিক, অপ্রয়োজনীয় ও সি এন্ড এফ এজেন্টদের জন্য প্রতিবন্ধকতামূলক শর্ত আরোপ করা হয়েছে মর্মে এসোসিয়েশনের সদস্য কর্তৃক অভিযোগ করা হয়।

এ ধরনের অযৌক্তিক শর্ত সি এন্ড এফ এজেন্টদের ব্যবসায়িক স্বার্থ পরিপন্থী এবং অত্র এসোসিয়েশনের টেন্ডার নীতিমালার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। ফলে প্রয়োজনীয় যোগ্যতা, অভিজ্ঞতা ও প্রাতিষ্ঠানিক স্বক্ষমতা থাকা সত্ত্বেও অধিকাংশ সি এন্ড এফ এজেন্টের পক্ষে উক্ত টেন্ডারে অংশগ্রহণ করা সম্ভব হবে না। অবস্থাদৃষ্টে প্রতীয়মান হয় যে, কোন ব্যক্তি বিশেষ বা প্রতিষ্ঠানকে সুবিধা প্রদানের জন্য এরূপ অযৌক্তিক, অপ্রয়োজনীয় ও প্রতিবন্ধকতামূলক শর্ত আরোপ করা হয়েছে। দরপত্রে আরোপিত অযৌক্তিক শর্তসমূহ সংশোধন বা বাতিল করে পুনঃটেন্ডার আহ্বানের অনুরোধ জানিয়ে এসোসিয়েশন হতে দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

এমতাবস্থায়, দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক আহ্বানকৃত টেন্ডারে আরোপিত অযৌক্তিক, অপ্রয়োজনীয় ও সি এন্ড এফ এজেন্টদের জন্য প্রতিবন্ধকতামূলক শর্তসমূহ সংশোধন বা বাতিল না করা পর্যন্ত উল্লিখিত e-GP Tender অংশগ্রহণ হতে বিরত থাকা বা ইতিমধ্যে টেন্ডারে অংশগ্রহণ করে থাকলে তা প্রত্যাহার করা বা চুক্তি সম্পাদন না করার জন্য অনুরোধ করা হল।

মোঃ শওকত আলী

সাধারণ সম্পাদক